# রোগীর অধিকার এবং দায়িত্ব

এই নথিটি রোগীর অধিকার এবং দায়িত্বগুলির একটি বিস্তৃত তালিকা, যেগুলি বিভিন্ন উৎস থেকে সংকলিত। এটি রোগীদের শিক্ষামূলক উদ্দেশ্যে প্রদান করা হয়েছে যাতে তারা যখন কোনো স্বাস্থ্যসেবা গ্রহণ করবেন এই বিষয়ে সচেতন থাকবেন।

## রোগীর দায়িত্ব

### আপনার চিকিৎসা এবং সম্মতি

আপনার দায়িত্ব সম্মন্ধে সচেতন থাকুন

- আপনার ডাক্তারকে আপনার বর্তমান এবং অতীত চিকিৎসার ইতিহাস, ওষুধ, সার্জারি এবং অন্যান্য পদ্ধতির সমস্ত দিকগুলির **সম্পূর্ন সঠিক তথ্য প্রদান করুন**
- আপনার মেডিক্যাল রেকর্ড/ রিপোর্টগুলো এমনভাবে রাখুন যাতে **ডাক্তারদের কাছে সহজে দেখানো যায়**
- নিশ্চিত করুন যে আপনি **চিকিৎসকের সুপারিশকৃত চিকিৎসা পরিকল্পনা কঠোরভাবে অনুসরণ** করছেন এবং স্বাস্থ্যসেবা কর্মীদের নির্দেশাবলী মেনে চলছেন
- **আপনার চিকিৎসকদের নির্দেশাবলী না মেনে চলার জন্য আপনি সম্পূর্নরূপে দায়ী।** সুতরাং, আপনি যদি নির্ধারিত চিকিৎসা পরিকল্পনা অনুসরণ করতে অক্ষম হন বা সন্দেহ থাকে তবে চিকিৎসককে জানান
- চিকিৎসা চলাকালীন **আপনার শারীরিক অবস্থার উন্নতি অথবা অগ্রগতির হিসেব রাখুন**। সময়মতো আপনার ডাক্তারকে জানান
- **ডাক্তার দেখানোর জন্য অ্যাপয়েন্টমেন্ট নিন**। অ্যাপয়েন্টমেন্ট এর সময় না পৌঁছতে পারলে আগে থেকে জানান

### স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানের ও অন্য রোগীদের প্রতি আপনার দয়িত্ব

নিম্নলিখিত বিষয়ে **শ্রদ্ধাশীল** হওয়া আপনার দায়িত্ব

- **স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানের সম্পত্তির প্রতি**
- স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানে আগত **অন্যান্য রোগীর অধিকার এবং তাদের সম্পত্তির প্রতি**
- সকল **চিকিৎসক / পরিদর্শনকারী ডাক্তার, নার্স, প্যারামেডিকস এবং চিকিৎসায় নিযুক্ত অন্যান্য কর্মীদের অধিকার** এবং **সম্পত্তির প্রতি**

### আপনার আর্থিক সীমাবদ্ধতা

আপনার দায়িত্ব সম্মন্ধে সচেতন থাকুন

- আপনাকে প্রদত্ত স্বাস্থ্য পরিষেবাগুলির জন্য আপনার **অর্থনৈতিক দায়িত্ব** আগে থেকে বুঝুন এবং তা অবিলম্বে পূরণ করুন।(সাথে আপডেটেড বীমা তথ্য আগে থেকে প্রদান করুন, যদি প্রযোজ্য হয়)

### আপনার জীবনধারা সম্পর্কিত

- আপনি **জীবনধারা সম্পর্কিত** যে **সিদ্ধান্ত** গুলি নেন এবং এই পছন্দের জীবনধারার জন্য আপনার স্বাস্থ্যের উপর যা প্রভাব ফেলে তার জন্য আপনিই এককভাবে দায়ী

**আপনার অধিকার এবং দায়িত্ব গুলি পরিপক্ক এবং ইতিবাচক পদ্ধতিতে অনুশীলন করুন যদিও স্বাস্থ্যসেবা প্রদানকারী আপনাকে সবচেয়ে কার্যকর চিকিৎসা প্রদান করবেন, তবুও ফলাফলের জন্য আপনিও সমানভাবে দায়ী**

# রোগীর অধিকার

## সম্মান এবং নিরপেক্ষ ব্যবহার

আপনার অধিকার সম্মন্ধে সচেতন থাকুন

- আপনার পরিচয়, আপনার বিশ্বাস, আপনার জাতীয়তা, অক্ষমতা অথবা অর্থপ্রদানের পদ্ধতি নির্বিশেষে **নিরপেক্ষভাবে** প্রয়োজনীয় পরিষেবা পাওয়ার অধিকার আছে
- চিকিৎসা চলাকালীন সব পরিস্থিতিতে **সম্মানের** সাথে ব্যবহার পাওয়ার অধিকার আছে

## গোপনীয়তা এবং বিশ্বস্ততা

আপনার অধিকার সম্মন্ধে সচেতন থাকুন

- চিকিৎসা পরিষেবার সময় নিম্নলিখিত বিষয়গুলো যথাযথ ভাবে মনে রাখা হবে
  - আপনার **ব্যক্তিগত গোপনীয়তা** বিশেষ করে চিকিৎসা পরীক্ষার সময় বজায় রাখা হবে
  - আপনার চিকিৎসা পর্যালোচনা/ পরামর্শ বিচক্ষণতার সাথে এবং গোপনীয়ভাবে পরিচালনা করা হবে
- আপনার **মেডিক্যাল রেকর্ডগুলো গোপন রাখার** এবং **শুধুমাত্র অনুমোদিত স্বাস্থ্যসেবা কর্মীদের দেখার অধিকার আছে**
- **চিকিৎসা সম্মন্ধিত পরীক্ষার/ সেবার সময়** আপনার সঙ্গে একই লিঙ্গের একজন ব্যক্তি/ স্বাস্থ্যকর্মীকে উপস্থিত রাখুন

## নিরাপত্তা এবং চিকিৎসা সম্মতি

আপনার অধিকার সম্মন্ধে সচেতন থাকুন

- চিকিৎসা প্রক্রিয়া চলাকালীন প্রতিষ্ঠানে থাকার সময় **নিরাপত্তা** এবং সর্বোত্তম চিকিৎসা প্রত্যাশা করার অধিকার আছে
- কোনো চিকিৎসা প্রক্রিয়া গ্রহণ না করার অধিকার আছে যদি না আপনি স্বেচ্ছায় সেটির জন্য **লিখিত সম্মতি** প্রদান করে থাকেন ( যদি সেটাতে আপনার জীবন সংশয়ের ভয় থাকে অথবা যদি আপনি অক্ষম হন তাহলে এটি ব্যতিক্রম)
- যদি ভাষা আপনার ক্রমাগত চিকিৎসার ক্ষেত্রে বাধা হয়ে দাঁড়ায় তবে একজন দোভাষীর কাছে সাহায্য নিতে পারেন

## আপনার চিকিৎসা কর্মীদল কে জানুন

আপনার অধিকার সম্মন্ধে সচেতন থাকুন

- চিকিৎসক এবং অন্যান্য স্বাস্থ্যসেবা প্রদানকারীদের, যারা **আপনার চিকিৎসার সাথে জড়িত তাদের পরিচয় এবং পেশাদারী মর্যাদা** জানুন

## আপনার চিকিৎসা প্রক্রিয়া বুঝুন

আপনার অধিকার সম্মন্ধে সচেতন থাকুন

- আপনার রোগ নির্ণয়, চিকিৎসা এবং আপনার শারীরিক অবস্থার যে কোনো অগ্রগতি সম্পর্কে বোধগম্য ভাবে **বর্তমান সম্পূর্ণ তথ্য** পাওয়ার অধিকার আছে
- চিকিৎসা সম্পর্কিত সমস্ত প্রাসঙ্গিক তথ্য সম্পর্কে অবগত হওয়ার পর **চিকিৎসার সিদ্ধান্ত** নেওয়ার জন্য (অথবা গবেষণা প্রকল্পে অংশ নেওয়ার জন্য) চিকিৎসকের সাথে সহযোগিতা করুন
- **আইন পরিধি মেনে চিকিৎসা সেবা গ্রহণ বা প্রত্যাখ্যানের সিদ্ধান্ত নিন**, প্রত্যাখ্যান করার সময় খেয়াল রাখবেন আপনার সিদ্ধান্ত যেন চিকিৎসকের নৈতিক এবং পেশাগত মানগুলির সাথে সংঘাত না ঘটায়

## চিকিৎসা সংক্রান্ত দ্বিতীয় মতামত জেনে নিন

আপনার অধিকার সম্মন্ধে সচেতন থাকুন

- আপনি চাইলে আপনার **বর্তমান চিকিৎসকের মতামত ছাড়াও বাইরে থেকে অন্য চিকিৎসকের মতামত নিতে পারেন**।সেটি বর্তমান চিকিৎসা পরিষেবার ভিতরে কিংবা বাইরেও হতে পারে

## অভিযোগ জানানোর প্রক্রিয়া এবং বিলিং

আপনার অধিকার সম্মন্ধে সচেতন থাকুন

- আপনি যে সমস্ত পরিষেবা গুলো পাবেন সেই সমস্ত পরিষেবা গুলির একটি **দফা অনুযায়ী ব্যাখ্যা করা বিল** পাবেন এবং আপনি চাইলে বিল এ লেখা পরিষেবা গুলির **বিশদ বিবরণ আপনাকে ব্যাখ্যা করা হবে**
- যদি আপনার অধিকার লঙ্ঘনের বিষয়ে আপনার কোনো **অভিযোগ** থাকে, তাহলে অভিযোগ কিভাবে করতে হবে , কিভাবে তা প্রক্রিয়া এবং সমাধান হবে, সে ব্যাপারেও আপনার সচেতন হওয়ার অধিকার আছে

**আপনার অধিকার এবং দায়িত্ব গুলি পরিপক্ক এবং ইতিবাচক পদ্ধতিতে অনুশীলন করুন যদিও স্বাস্থ্যসেবা প্রদানকারী আপনাকে সবচেয়ে কার্যকর চিকিৎসা প্রদান করবেন, তবুও ফলাফলের জন্য আপনিও সমানভাবে দায়ী**

PSI